

ফেব্রুয়ারি/২০২২ মাসের অনুষ্ঠিত উপজেলা পরিষদ মুক্তিযোদ্ধা কমিটির সভার কার্যবিবরণী

সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ
সভার তারিখ : ১৫.০২.২০২২ খ্রি. বিকাল ৩.৩০ ঘটিকায়
সভাপতি : মোছাঃ সাকিলা বেগম, মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ।
উপস্থিতি তালিকাঃ পরিশিষ্ট- ক

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব বিগতসভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন ধরনের সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করেন। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

১. আলোচনা : নিয়মিত উপজেলা পরিষদ মুক্তিযোদ্ধা কমিটির সভাকরণ

সিদ্ধান্ত : প্রতিমাসের ০৭ তারিখের মধ্যে নিয়মিত উপজেলা পরিষদ মুক্তিযোদ্ধা কমিটির সভা আহ্বান করে সভার সুপারিশসহ কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসার, গোবিন্দগঞ্জ মহোদয়ের কার্যালয়ের প্রেরণের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

২. আলোচনা : মুক্তিযোদ্ধাদের সার্বিক বিষয় ও ভাতা প্রদান

সিদ্ধান্ত : গোবিন্দগঞ্জ উপজেলা মুক্তিযোদ্ধা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সন্তোষজনক। সরকার কর্তৃক মুক্তিযোদ্ধাদের অনকূলে বরাদ্দকৃত ভাতা যথাযথভাবে পৌঁছানোর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



সভাপতি


উপজেলা পরিষদ মুক্তিযোদ্ধা কমিটি
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

স্মারক নং-

তারিখ : ১৫.০২.২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ।
২. উপজেলা নির্বাহী অফিসার, গোবিন্দগঞ্জ।
৩. ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ।
৪. চেয়ারম্যান.....ইউনিয়ন পরিষদ, গোবিন্দগঞ্জ।
৫. অফিস কপি।



সদস্য সচিব

উপজেলা পরিষদ মুক্তিযোদ্ধা কমিটি
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।